


Learning Outcome: Students will be able to use 'he/she' and 'his/her' in their communications.

চলো আজকে পরিচিত হই টুকির সাথে। সে দ্বিতীয় শ্রেণিতে পড়ে। সে প্রায়ই তার বাবার সাথে ইংরেজিতে কথা বলে। চলো তারা কি বলছে শুনি।



Father: Tuki, who are your best friends at school? (টুকি, স্কুলে তোমার সবচেয়ে প্রিয় বন্ধু কারা?)

Tuki: I have two best friends. They are Afif and Tania. (আমার দুইজন বন্ধু আছে। তারা হলো আফিফ ও তানিয়া।)

Father: Great! Where does Afif live? (বাহ! আফিফ কোথায় বাস করে?)

Tuki: He lives at Chandgoan. (সে চাঁন্দগাওতে বাস করে।)

Father: Where does Tania live? (তানিয়া কোথায় বাস করে?)

Tuki: She lives at Bahaddarhat. (সে বহদ্দারহাটে বাস করে।)

Father: What is Afif's favourite hobby? (আফিফের প্রিয় শখ কি?)

Tuki: His favourite hobby is gardening. (তার প্রিয় শখ বাগান করা।)

Father: And what is Tania's favourite hobby? (আর তানিয়ার প্রিয় শখ কি?)

Tuki: Her favourite hobby is cycling. (তার প্রিয় শখ সাইকেল চালানো।)

Father: Thank you for telling me about your friends Tuki. (তোমার বন্ধুদের সম্পর্কে বলার জন্য ধন্যবাদ টুকি।)

Tuki: You are welcome, father. (স্বাগতম বাবা।)

টুকি ও তার বাবার কথাগুলোর মধ্যে তোমরা খেয়াল করলে দেখবে, টুকি তার বন্ধুদের সম্পর্কে তার বাবাকে বলছিলো। টুকি তার বন্ধু আফিফ সম্পর্কে বলার সময় বলেছে He আর তানিয়া সম্পর্কে বলার সময় বলেছে She. He ও She দুইটির অর্থ সে। কিন্তু He ব্যবহার করা হয় শুধুমাত্র ছেলেদের ক্ষেত্রে আর She ব্যবহার করা হয় শুধুমাত্র মেয়েদের ক্ষেত্রে। যেমন এভাবে আফিফ সম্পর্কে আরো বলা যায়- He goes to school everyday, অর্থাৎ সে নিয়মিত বিদ্যালয়ে যায়। কিন্তু তানিয়ার ক্ষেত্রে বাক্যটি বলতে হবে, She goes to school everyday.



আবার তুমি লক্ষ্য করলে দেখবে, He অথবা She এর মতো, His/Her এই দুটি শব্দও লিঙ্গভেদে দুইভাবে ব্যবহার হয়। His/Her অর্থ হলো, তার। His ব্যবহার করা হয় শুধুমাত্র ছেলেদের ক্ষেত্রে আর Her ব্যবহার করা হয় শুধুমাত্র মেয়েদের ক্ষেত্রে।

ছেলেদের ক্ষেত্রে	He, His
মেয়েদের ক্ষেত্রে	She, Her

যেমন, তুমি যদি ছেলেদের সম্পর্কে বলতে চাও, তাহলে বলতে হবে His handwriting is good অর্থাৎ, তার হাতের লেখা সুন্দর। কিন্তু বাক্যটি যদি কোনো মেয়ের ক্ষেত্রে বলা হয়, তাহলে বলতে হবে, Her handwriting is good. তোমরা কি He/She আর His/Her এর ব্যবহার বুঝতে পেরেছো? যদি বুঝে থাকো, তাহলে তোমার জন্য থাকবে একটি হাততালি!

১। চলো, এবার টুকির গল্পটি থেকে শিখে আমরা আরেকটি মজার কাজ করি। নিচে দুইজনের সম্পর্কে খালিঘর দেয়া আছে। তোমরা খালিঘরে সঠিক শব্দটি বসিয়ে শূন্যস্থান পূরণ করবে। তোমার বুঝার সুবিধার জন্য একটি উদাহরণ করে দেয়া হলো।




1. Adnan reads in class 2. He goes to school regularly.
2. Tahiya was running. _____is tired.
3. Labib is likes red. _____ shirt is red colour.
4. Shahina loves football. _____ plays football every day.
5. Tanisha is my best friend. _____ favorite hobby is collecting notes.

২। নিচের বাক্যগুলো পড়ো। পড়ে বুঝতে চেষ্টা করো কোন কোন বাক্যটিতে ভুলভাবে He/She অথবা His/Her ব্যবহার করা হয়েছে। বাক্য সঠিক হলে তার পাশে টিক চিহ্ন ও বাক্য ভুল হলে তার পাশে ক্রস চিহ্ন (X) দাও। তোমার বুঝার সুবিধার জন্য একটি উদাহরণ করে দেয়া হলো।

1. Kamal is working in a garden. Her garden has ten flower plants. **X**
2. Mahima draws picture. His drawing is good.
3. Osman likes cricket. He is a batsman.
4. Fatema is in class two. She can swim.
5. Anik has four pens. Her pens are blue.

৩। এবার চলো আরেকটি মজার কাজ করি। তোমার প্রিয় ছেলে বন্ধু ও মেয়ে বন্ধু সম্পর্কে নিচে লিখো। দুইজনের জন্য আলাদা আলাদা লিখবে। ছেলে বন্ধুর জন্য He/His আর মেয়ে বন্ধুর জন্য She/Her ব্যবহার করবে।



৪। আচ্ছা এবার আরেকটা খুব মজার কাজ করি। নিচে কিছু নাম দেয়া আছে। সেগুলো পড়ো। তারপর তুমি তার পাশের খালিঘরে লিখো, পাশের খালিঘরগুলোতে কি He/His বসবে নাকি She/Her বসবে। যদি ছেলে হয়, তাহলে তার পাশের খালিঘরে He/His ও মেয়ে হলে তার পাশের খালিঘরে She/Her বসানো। তোমার বুঝার সুবিধার জন্য একটি উদাহরণ করে দেয়া হলো।



Omar	
Ayesha	
Rakib	
Jannat	
Joy	

গত ক্লাসের ধাঁধাঁরঃ

এমন কি আছে যা যদি একবার বেড়ে যায়, তা আর কোনোভাবেই কমে না?

উত্তরঃ বয়স

আজকের ক্লাসের ধাঁধাঁঃ

তোমার কোন জিনিসটি অন্যরা বারবার ব্যবহার করে?

ধাঁধাঁর সমাধান পাবে পরের ক্লাসে পাবে।

নিচে বাংলাদেশের মানচিত্র দেয়া আছে। তুমি কোন জায়গায় বাস করো তা মানচিত্রে খোঁজে বের করো।



কন্টেন্ট লেখকঃ মোঃ জাহেদুল ইসলাম, ফেলো, ২০২০ কোর্ট, টিচ ফর বাংলাদেশ